## ১৫ এপ্রিল হতে ১১ জুন ২০২৬ পর্যন্ত মোট ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আলী সুজা<br>উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর,বরিশাল। |
| সভার তারিখ | : | ১৩ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ, উজিরপুর, বরিশাল। |

উপস্থিত সদস্যদের তালিকা "পরিশিষ্ট-ক" তে দেখানো হলো:

**আলোচ্য বিষয়:**

১। "৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম" সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রমের অগ্রগতি।

২। "৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম " এর কর্মসূচির আইন সংক্রান্ত আলোচনা।

৩। বিবিধ।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মৎস্য কর্মকর্তা, উজিরপুর, বরিশাল জানান ১৫ এপ্রিল হতে ১১ জুন ২০২৬ পর্যন্ত মোট ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ রয়েছে এবং এর কার্যক্রম বাস্তবায়িত করতে সকলকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। সত্যিকারভাবে আন্তরিকতার সাথে কাজ করলে পূর্বের যেকোনো সময়ের চেয়ে ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম সফলতার সাথে ভালো করতে পারবো মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো জানান সামুদ্রিক মৎস্যসম্পদ সংরক্ষণ এবং আহরণে বন্ধ মৌসুম, একটি সমতা সৃষ্টি করে টেকসই মৎস্য আহরণ নিশ্চিত করে। নির্দিষ্ট সময়ে মৎস্য আহরণ নিষিদ্ধকরণের ফলে মৎস্য প্রজনন, নতুন মৎস্য জনতার প্রবেশন ও পরিবেশ সুরক্ষার পাশাপাশি অন্যান্য বৃহৎ সামুদ্রিক প্রাণি যেমন ডলফিন, তিমি, শুশুক, হাঙ্গর ইত্যাদিও সংরক্ষিত হয়ে থাকে। ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম সফল করতে সকল কর্মসূচি সঠিক সময়ে প্রতিপালন করা হয়। তিনি জানান যে সকল মৎস্যজীবী সমুদ্রে মাছ আহরণ করেন সে সমস্ত জেলেরা ভিজিএফ সুবিধাও পাবেন। প্রয়োজন অনুযায়ী আইনের যথাযথ ব্যবহার ও বাংলাদেশ পুলিশের আইনশৃঙ্খলা বাহিনীর সার্বক্ষণিক সহযোগিতা কাম্য করেন।

০২। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, ১৫ এপ্রিল হতে ১১ জুন ২০২৬ পর্যন্ত মোট ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম বিষয়ে উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সে মোতাবেক সভায় বিস্তারিত আলোচনা হয়। কার্যক্রম ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ নিম্নরূপ।

| ক্র. নং | সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | ১৫ এপ্রিল হতে ১১ জুন ২০২৬ পর্যন্ত মোট ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ এবং নিষিদ্ধকরণের বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা, সচেতনতামূলক সভা, ও মাইকিং করে মৎস্যজীবীদের অবহিত ও উদ্বুদ্ধকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা টাস্কফোর্স কমিটি, উজিরপুর, বরিশাল। |
| ০২ | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় এবং উজিরপুর উপজেলা মডেল থানার পুলিশবাহিনীর সাথে সমন্বয়পূর্বক মনিটরিং পরিচালনা করতে সহায়তা করবে। | উপজেলা টাস্কফোর্স কমিটি, উজিরপুর, বরিশাল। |

| ক্র. নং | সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০৩ | উপজেলার নদীতে, মৎস্য আড়ৎ, বাজার ও অবতরণ কেন্দ্রে নিয়মিত মোবাইলকোর্ট/ মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা টাস্কফোর্স কমিটি, উজিরপুর, বরিশাল। |
| ০৪ | বাণিজ্যিক ট্রলার ও আর্টিসানাল নৌযানের জ্বালানি ও অন্যান্য সহায়ক উপকরণ সরবরাহ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা টাস্কফোর্স কমিটি, উজিরপুর, বরিশাল। |
| ০৫ | ভিজিএফ চাল আগামী ১৫ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে যথাযথভাবে বিতরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা টাস্কফোর্স কমিটি, উজিরপুর, বরিশাল। |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ৫৮ (আটান্ন) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম বাস্তবায়নে সকলকে তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৩/০৪/২৬
(মোঃ আলী সুজা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা টাস্কফোর্স কমিটি
উজিরপুর, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
উজিরপুর, বরিশাল।
www.fisheries.wazirpur.barisal.gov.bd

নম্বর: ৩৩.০২.০৬৯৪.০০০.৫০১.৩৮.০০০১.২৪.৯৫/১(৫)

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়):

১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
২। জেলা মৎস্য কর্মকর্তা, বরিশাল।
৩। প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪। -----------------------------------------------------------------সদস্য, উপজেলা টাস্কফোর্স কমিটি, উজিরপুর, বরিশাল।
৫। সংশ্লিষ্ট নথি।

১৩/০৪/২৬
উপজেলা মৎস্য কর্মকর্তা
উজিরপুর, বরিশাল।